গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৮৫/২০১৯-২০২০
ঢাকা ১০ মার্চ মঙ্গলবার ২০২০, ২৬ ফাল্গুন ১৪২৬

১। করোনাভাইরাস রোধে সরকারের যথেষ্ট প্রস্তুতি রয়েছে : মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী
২। জনগণকে ঝুঁকিতে না ফেলে মুজিববর্ষ উদযাপন
করোনাভাইরাস নিয়ে আতঙ্কিত না হয়ে স্বাস্থ্যবিধি মেনে চলতে দেশবাসীর প্রতি আহ্বান প্রধানমন্ত্রীর
৩। করোনাভাইরাস প্রতিরোধে প্রয়োজনে বিদেশ ফেরত সবাইকে কোয়ারেন্টাইন রাখা হবে : সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী
৪। মন্ত্রিসভায় জাতীয় জাদুঘর আইনের খসড়ার নীতিগত অনুমোদন
৫। প্রধানমন্ত্রীর সঙ্গে ফরাসি মন্ত্রীর সাক্ষাৎ : মিয়ানমারের ওপর চাপ বাড়ানোর আহ্বান ফ্রান্সের
৬। প্রধানমন্ত্রীর জাপান সফর স্থগিত
৭। ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ে প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন আগামী বৃহস্পতিবার
৮। সব পেশায় নারীর অংশগ্রহণ দৃশ্যমান : স্পিকার
৯। খালেদার জামিন চেয়ে পরিবারের আবেদন আইন মন্ত্রণালয়ে : স্বরাষ্ট্রমন্ত্রী
১০। করোনাভাইরাসের প্রাদুর্ভাবে জনগণের স্বাস্থ্য ঝুঁকি নিয়ে নয়,
বিএনপি কেবল খালেদা জিয়ার স্বাস্থ্য নিয়েই ভাবছে : তথ্যমন্ত্রী
১১। করোনাভাইরাস সম্পর্কে বিশেষজ্ঞদের মত নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের সিদ্ধান্ত : শিক্ষামন্ত্রী
১২। মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান সম্প্রচার হবে গণমাধ্যমে
১৩। নরেন্দ্র মোদির ঢাকা সফর স্থগিত করল দিল্লি
১৪। কমনওয়েলথে ব্যাপক সংস্কার দরকার : পররাষ্ট্রমন্ত্রী
১৫। মোটরসাইকেল ভেন্ডরদের জন্য রোডম্যাপ তৈরি করা হচ্ছে : শিল্পমন্ত্রী
১৬। চব্বিশ ঘণ্টায় নতুন করে কেউ করোনাভাইরাসে আক্রান্ত হয়নি : আইইডিসিআর
১৭। করোনা সংক্রান্ত তথ্য পেতে ব্যবহৃত হটলাইন সংখ্যা বৃদ্ধি
১৮। করোনাভাইরাসের প্রাদুর্ভাবে হ্যান্ড স্যানিটাইজারের দাম বেঁধে দিল সরকার
১৯। পদ্মাসেতুর ২৬তম স্প্যান বসবে আজ

১। **করোনাভাইরাস রোধে সরকারের যথেষ্ট প্রস্তুতি রয়েছে : মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী**

করোনাভাইরাস সংক্রমণ রোধে সরকারের যথেষ্ট প্রস্তুতি রয়েছে জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, করোনাভাইরাস নিয়ে আতঙ্কগ্রস্ত হওয়ার প্রয়োজন নেই। এটা বাস্তবতা। পৃথিবীতে যেখানে এ ঘটনা ঘটেছে তারা ম্যানেজ করছে। করোনাভাইরাসের প্রভাবের কারণেই 'মুজিববর্ষ'র কর্মসূচি সংক্ষিপ্ত ও ছোট করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রিসভার সদস্য, সংসদ সদস্য ও সরকারের সচিবদের বিভ্রান্তিমূলক কথাবার্তা ও ইচ্ছেমতো ব্যাখ্যা না দেয়ার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৯ মার্চ সোমবার) তাঁর তেজগাঁও কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে অনির্ধারিত আলোচনায় এ নির্দেশনা দেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

২। **জনগণকে ঝুঁকিতে না ফেলে মুজিববর্ষ উদযাপন**
করোনাভাইরাস নিয়ে আতঙ্কিত না হয়ে স্বাস্থ্যবিধি মেনে চলতে দেশবাসীর প্রতি আহ্বান প্রধানমন্ত্রীর

মুজিববর্ষ উদযাপন করতে গিয়ে জনগণকে ঝুঁকির মধ্যে ফেলা হবে না জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী পাওয়া আমাদের জন্য অত্যন্ত সৌভাগ্যের। তারপরও সরকারের কাছে জনগণের কল্যাণই সবচেয়ে বড়। বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদযাপন করা হবে, তবে সেটি ভিন্নভাবে। এমনভাবে উদযাপন করা হবে, যেন জনগণ ঝুঁকির মধ্যে না পড়ে। করোনাভাইরাস নিয়ে অহেতুক আতঙ্কিত না হয়ে স্বাস্থ্যবিধি মেনে চলতে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেছেন, এটি মোকাবিলায় সরকার যথাযথ ব্যবস্থা নিয়েছে। তাই এ নিয়ে ভয় পাওয়া কিংবা আতঙ্কিত হওয়ার কিছু নেই। কেবল মানুষকে সচেতন বা সজাগ করার চেষ্টা করতে হবে। গতকাল (৯ মার্চ সোমবার) গণভবনে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের জরুরি বৈঠকের সূচনা বক্তব্যে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। **সূত্র-সমকাল** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৩। **করোনাভাইরাস প্রতিরোধে প্রয়োজনে বিদেশ ফেরত সবাইকে কোয়ারেন্টাইন রাখা হবে :**
সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী

করোনাভাইরাস ছড়িয়ে পড়ার প্রেক্ষাপটে প্রবাসীদের দেশে আসার বিষয়ে নিরুৎসাহিত করছেন স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক। স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে করোনা প্রতিরোধ ও মোকাবিলা সংক্রান্ত জাতীয় কমিটির সভা শেষে সংবাদসম্মেলনে তিনি বলেন, প্রবাসীরা দেশে এসে করোনা ছড়িয়েছেন। তাই আহ্বান জানাব, করোনাভাইরাস যেসব দেশে ছড়িয়েছে সেসব দেশ থেকে প্রবাসীরা যেন দেশে না আসেন। একইসঙ্গে প্রবাসীদের আসা বন্ধে পর্যাপ্ত প্রচার ও ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়েছি। এরপরও বিদেশ থেকে যারা আসবেন প্রয়োজন হলে তাদের সবাইকে কোয়ারেন্টাইনে রাখা হবে। গতকাল (৯ মার্চ সোমবার) সচিবালয়ে সংবাদসম্মেলনে স্বাস্থ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **মন্ত্রিসভায় জাতীয় জাদুঘর আইনের খসড়ার নীতিগত অনুমোদন**

'বাংলাদেশ জাতীয় জাদুঘর আইন-২০২০' এর খসড়ার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। খসড়া আইনে জাদুঘর পরিচালনার জন্য প্রত্নতাত্ত্বিক বোর্ডের গঠন ও কার্যাবলি সুনির্দিষ্ট করা আছে। পাশাপাশি জাদুঘরের কার্যালয়, দায়িত্ব, কার্যাবলি, ক্ষমতা অর্পণ এবং ইংরেজিতে অনূদিত পাঠ সম্পর্কে চারটি নতুন ধারা সংযোজন করা হয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল (৯ মার্চ সোমবার) তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে আইনের অনুমোদন দেয়া হয়। মন্ত্রিসভা বাংলাদেশ ও ভারতের মধ্যে স্বাক্ষরের জন্য 'সেকেন্ড অ্যাডেনডাম টু দি প্রটোকল অন ইংল্যান্ড ওয়াটার ট্রানজিট অ্যান্ড ট্রেড বিটুইন দ্য গভর্নমেন্ট অভ্ দ্য পিপলস রিপাবলিক অভ্ বাংলাদেশ অ্যান্ড দ্য গভর্নমেন্ট রিপাবলিক অভ্ ইন্ডিয়া' এর খসড়ার অনুমোদন দিয়েছে। এছাড়া রূপপুর পরমাণু বিদ্যুৎকেন্দ্র নির্মাণের পর এর কার্যক্রম ও রক্ষণাবেক্ষণে রাশিয়ার সহায়তার ব্যাপারে স্বাক্ষরিত হতে যাওয়া একটি খসড়া প্রটোকল নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **নিউ নেশন** (শেষ পৃ,ক.২)।

৫। প্রধানমন্ত্রীর সঙ্গে ফরাসি মন্ত্রীর সাক্ষাৎ : মিয়ানমারের ওপর চাপ বাড়ানোর আহ্বান ফ্রান্সের

প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর তেজগাঁও কার্যালয়ে গতকাল (৯ মার্চ সোমবার) সৌজন্য সাক্ষাৎ করেন ফ্রান্সের সশস্ত্র বাহিনী বিভাগের মন্ত্রী ফ্লোরেন্স পারলি। এ সময় তিনি রোহিঙ্গাদের ফেরাতে মিয়ানমারের ওপর আন্তর্জাতিক চাপ বাড়ানোর বিষয়ে গুরুত্বারোপ করেছেন। প্রধানমন্ত্রী দুই দেশের মধ্যে বিদ্যমান সামরিক সহযোগিতায় সন্তোষ প্রকাশ করে এ সহযোগিতা জোরদারে গুরুত্বারোপ করেন। প্রধানমন্ত্রী বাংলাদেশের মুক্তিযুদ্ধে ফ্রান্সের সরকার, জনগণ এবং আঁদ্রে মারলোর মতো নেতৃস্থানীয় বুদ্ধিজীবীদের সমর্থনের কথা কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৬। প্রধানমন্ত্রীর জাপান সফর স্থগিত

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৩০ ও ৩১ মার্চের জাপান সফর স্থগিত করা হয়েছে। বিষয়টি গতকাল (৯ মার্চ সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়কে জানানো হয়। সূত্র- **সমকাল** (পৃ.১৭,ক.৪), **মানবজমিন** (পৃ.৩,ক.১)।

৭। ঢাকা-মাওয়া এক্সপ্রেসওয়ে প্রধানমন্ত্রী উদ্বোধন করবেন আগামী বৃহস্পতিবার

দেশের প্রথম এক্সপ্রেসওয়ে ঢাকা-মাওয়া-ভাঙ্গা অংশ উদ্বোধন হতে যাচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন হতে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আগামী ১২ মার্চ বৃহস্পতিবার এটির উদ্বোধন করবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১৯,ক.৮)।

৮। সব পেশায় নারীর অংশগ্রহণ দৃশ্যমান : স্পিকার

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, বাংলাদেশে নারীর রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষমতায়নের পথ সুগম করেছেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। নারী-পুরুষের সমতার বিধান সন্নিবেশিত করে প্রণয়ন করেছিলেন রক্তে অর্জিত বিশ্বসেরা সংবিধান। বঙ্গবন্ধু যুদ্ধবিধ্বস্ত দেশ পুনর্গঠনের সময় গ্রহণ করেছেন নারীবান্ধব নীতিমালা। গতকাল (৯ মার্চ সোমবার) বাংলাদেশ জাতীয় জাদুঘরে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে 'নারীর ক্ষমতায়নে বাংলাদেশ: শেখ হাসিনার অবদান' শীর্ষক সেমিনারে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সব পেশায় আজ নারীদের অংশগ্রহণ দৃশ্যমান। নারীরা অত্যন্ত দক্ষতার সঙ্গে সব দায়িত্ব পালন করছেন। নারীদের সহিংসতা থেকে সুরক্ষা ও নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিত করতে তাদের আরো সোচ্চার হওয়ার আহ্বান জানান তিনি। সূত্র-**বণিকবার্তা** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.,৪ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

৯। খালেদার জামিন চেয়ে পরিবারের আবেদন আইন মন্ত্রণালয়ে : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, দুর্নীতির মামলায় কারাবন্দী বিএনপি চেয়ারপার্সন খালেদা জিয়ার জামিন চেয়ে তাঁর পরিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে যে আবেদন করেছে সে চিঠি আইন মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেখান থেকেই পরবর্তী ব্যবস্থা নেয়া হবে। তিনি জানান, আদালতের বাইরে স্বরাষ্ট্র মন্ত্রণালয় তাঁকে মুক্তি দেয়ার এখতিয়ার রাখে না। গতকাল (৯ মার্চ সোমবার) রাজধানীর আগারগাঁওয়ের বিভাগীয় পাসপোর্ট অফিসে হজ বুথ সেবা-২০২০ এর উদ্বোধন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **যুগান্তর** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮)।

**১০। করোনাভাইরাসের প্রাদুর্ভাবে জনগণের স্বাস্থ্য ঝুঁকি নিয়ে নয়,
বিএনপি কেবল খালেদা জিয়ার স্বাস্থ্য নিয়েই ভাবছে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, করোনাভাইরাস ছড়িয়ে পড়ায় সারাবিশ্বের মানুষ উদ্বিগ্ন। বাংলাদেশেও সরকার এ পরিস্থিতি মোকাবিলায় বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। অথচ বিএনপি নেতাদের সাম্প্রতিক কথাবার্তায় মনে হচ্ছে তারা জনগণের স্বাস্থ্য নিয়ে নয়, কেবল তাদের নেত্রী খালেদা জিয়ার স্বাস্থ্য নিয়েই ভাবছে। গতকাল (৯ মার্চ সোমবার) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে জাতীয় বাস্তবায়ন কমিটির বৈঠকের পর গণমাধ্যমে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২',ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২) ।

১১। করোনাভাইরাস সম্পর্কে বিশেষজ্ঞদের মত নিয়ে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধের সিদ্ধান্ত : শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, করোনাভাইরাস সম্পর্কে জাতীয় পর্যায়ে বিশেষজ্ঞ প্রতিষ্ঠান আইইডিসিআরের মতামত অনুযায়ী শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ করার মতো পরিস্থিতি এখনও হয়নি। বিশেষজ্ঞদের মতামতের ভিত্তিতে শিক্ষা মন্ত্রণালয় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। শিক্ষাপ্রতিষ্ঠানে এ বিষয়ে সচেতনতামূলক প্রয়োজনীয় নির্দেশনা পাঠানো হচ্ছে। গতকাল (৯ মার্চ সোমবার) রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

১২। মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান সম্প্রচার হবে গণমাধ্যমে

করোনাভাইরাসের কারণে জনস্বাস্থ্যের কথা বিবেচনা করে জনসমাগম পরিহার করতে জাতীয় প্যারেড স্কয়ারে অনুষ্ঠিত হচ্ছে না মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান। এর পরিবর্তে ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ার মাধ্যমে মুজিববর্ষের উদ্বোধন অনুষ্ঠান সম্প্রচার করা হবে। গতকাল (৯ মার্চ সোমবার) এক সংবাদসম্মেলনে এ তথ্য জানান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরী। **সূত্র-সমকাল** (পৃ.২,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২)।

১৩। নরেন্দ্র মোদির ঢাকা সফর স্থগিত করল দিল্লি

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর উদ্বোধন উপলক্ষে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ঢাকা সফর স্থগিতের ঘোষণা দিয়েছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়। গতকাল (৯ মার্চ সোমবার) ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র আনুষ্ঠানিকভাবে এ ঘোষণা দেয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সমকাল** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

১৪। কমনওয়েলথে ব্যাপক সংস্কার দরকার : পররাষ্ট্রমন্ত্রী

বৈশ্বিক পরিসরে আরও কার্যকর ভূমিকার জন্য কমনওয়েলথের অবস্থানে সংস্কারের পরামর্শ দিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। গতকাল (৯ মার্চ সোমবার) কমনওয়েলথ দিবসের এক আলোচনায় যোগ দিয়ে তিনি বলেন, জি-৭৭, আফ্রিকান ইউনিয়নের মতো কমনওয়েলথেরও জাতিসংঘে স্বতন্ত্র অবস্থান থাকা উচিত। এক্ষেত্রে কমনওয়েলথকে আরও সম্পৃক্ত করার স্বার্থে এর অবস্থানে ব্যাপক সংস্কার করা দরকার। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **যুগান্তর** (পৃ.১৯,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১)।

১৫। মোটরসাইকেল ভেন্ডরদের জন্য রোডম্যাপ তৈরি করা হচ্ছে : শিল্পমন্ত্রী

দেশিয় মোটরসাইকেল ভেন্ডরদের উন্নয়নে সরবরাহ চেইন নেটওয়ার্ক প্রতিষ্ঠার লক্ষে জাইকার সহায়তায় একটি রোডম্যাপ তৈরি করা হচ্ছে। এছাড়া, ভোক্তা পর্যায়ে রিটেইল ফাইনেন্সিংয়ে সুদের হার ২৫ শতাংশ থেকে কমিয়ে ৯ শতাংশে আনার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। গতকাল (৯ মার্চ সোমবার) শিল্প মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে মোটরসাইকেল শিল্প উন্নয়ন নীতিমালা ২০১৮ বাস্তবায়নে গঠিত সমন্বয় পরিষদের দ্বিতীয় সভায় এ কথা জানানো হয়। শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। এছাড়া অনুষ্ঠানে শিল্প প্রতিমন্ত্রী কামাল আহমেদ মজুমদারও উপস্থিত ছিলেন। সূত্র : **আমাদেরঅর্থনীতি** (পৃ.১,ক.১)।

১৬। চব্বিশ ঘণ্টায় নতুন করে কেউ করোনাভাইরাসে আক্রান্ত হয়নি : আইইডিসিআর

গত চব্বিশ ঘণ্টায় নতুন করে করোনাভাইরাসে কেউ আক্রান্ত হয়নি বলে জানিয়েছে আইইডিসিআর। গতকাল (৯ মার্চ সোমবার) আইইডিসিআর কার্যালয়ে সংবাদসম্মেলনে প্রতিষ্ঠানের পরিচালক অধ্যাপক ডা. মীরজাদি সেব্রিনা ফ্লোরা একথা বলেন। সূত্র- **সমকাল** (পৃ.১৭,ক.৪), **যুগান্তর** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.২)।

১৭। করোনা সংক্রান্ত তথ্য পেতে ব্যবহৃত হটলাইন সংখ্যা বৃদ্ধি

বাংলাদেশে নভেল করোনাভাইরাসের রোগী ধরা পড়ার পর মানুষের ফোন কলের সংখ্যা বেড়ে যাওয়ায় হটলাইন নম্বরও চারটি থেকে বাড়িয়ে ১৩টি করেছে সরকার। এখন নভেল করোনাভাইরাস সংক্রান্ত যে কোনো তথ্য পেতে স্বাস্থ্য অধিদফতরের এ ১৩টি নম্বর সবসময় খোলা পাওয়া যাবে। হটলাইন নম্বরগুলো হচ্ছে-১৬২৬৩, ০১৪০১১৮৪৫৫১, ০১৪০১১৮৪৫৫৪, ০১৪০১১৮৪৫৫৫, ০১৪০১১৮৪৫৫৬, ০১৪০১১৮৪৫৫৯, ০১৪০১১৮৪৫৬০, ০১৪০১১৮৪৫৬৩, ০১৪০১১৮৪৫৬৮, ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫, ০১৯৩৭০০০০১১, ০১৯৩৭১১০০১১। স্বাস্থ্য অধিদফতরের হটলাইনের নম্বরটিও (১৬২৬৩) এখন নভেল করোনাভাইরাস সংক্রান্ত তথ্য জানাতে ব্যবহৃত হবে। বাকি ১২টি নম্বর আইইডিসিআর’র। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫)।

১৮। করোনাভাইরাসের প্রাদুর্ভাবে হ্যান্ড স্যানিটাইজারের দাম বেঁধে দিল সরকার

বাংলাদেশে নভেল করোনাভাইরাসের রোগী ধরা পড়ায় হ্যান্ড স্যানিটাইজারের দাম নির্ধারণ করে দিয়েছে সরকার। এছাড়া নির্ধারিত দামের চেয়ে বেশি অর্থে বিক্রি করলে আইনি ব্যবস্থা নেয়া হবে বলেও হুঁশিয়ার করে দেয়া হয়েছে। সাতটি কোম্পানির স্যানিটাইজারের দাম নির্ধারণ করে দিয়ে গতকাল (৯ মার্চ সোমবার) গণবিজ্ঞপ্তি দেয় ওষুধ প্রশাসন অধিদফতর। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **সংবাদ** (পৃ.২,ক.৫)।

১৯। পদ্মাসেতুর ২৬তম স্প্যান বসবে আজ

পদ্মাসেতুর ২৬তম স্প্যান বসবে আজ (১০ মার্চ মঙ্গলবার)। ৫-ডি আইডি নম্বরের স্প্যানটি বসানোর পর সেতুর প্রায় চার হাজার মিটার দৃশ্যমান হবে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **যায়যায়দিন** (পৃ.১৫,ক.১)।

সম্পাদকীয়

ক. **সংবাদ, সমকাল, যুগান্তর, বণিক বার্তা, যায়যায়দিন** : দেশে প্রথমবারের মতো করোনাভাইরাসের রোগী শনাক্ত হয়েছে উল্লেখ করে বিভিন্ন প্রচার প্রচারণার মাধ্যমে জনগণকে রোগটির বিষয়ে সতর্ক থাকার পরামর্শ দেওয়ার আহ্বান।

খ. **ইত্তেফাক** : করোনাভাইরাসের প্রভাবে বিশ্ব অর্থনীতিতে অশনি সংকেত দেখা দিয়েছে উল্লেখ করে আমাদের দেশে অর্থনৈতিক কর্মকাণ্ড যতটা সম্ভব গতিশীল রাখতে ব্যবসায়ী ও জনগণের মধ্যে সমন্বিত প্রচেষ্টার ওপর গুরুত্বারোপ।

গ. **সমকাল :** আফিম, হেরোইনসহ নানা ধরনের মাদকদ্রব্য যে পপি থেকে তৈরি হয় তা চাষে মুন্সিগঞ্জের তিন ইউপি সদস্য জড়িত থাকার অভিযোগে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়ে পপি চাষের বিপুল পরিমাণ আলামত জব্দ করার খবরে উদ্বেগ প্রকাশ করে এদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** প্রাকৃতিক দুর্যোগের কারণে প্রতিবছর দেশের বিপুলসংখ্যক জীবন ও সম্পদের ক্ষতি হয়ে থাকে উল্লেখ করে দুর্যোগ মোকাবিলায় সরকারিভাবে এবং ব্যক্তি ও প্রতিষ্ঠানিকভাবে ব্যাপক প্রস্তুতির বিকল্প নেই বলে মতপ্রকাশ।

ঙ. **ঢাকা ট্রিবিউন** : মুজিববর্ষ উপলক্ষে দেশের প্রতিটি গৃহহীনের জন্য ঘর তৈরি করে দেয়ার বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনাকে স্বাগত জানিয়ে এ উদ্যোগের যথাযথ বাস্তবায়ন প্রত্যাশা।

চ. **নিউজ টুডে** : বিশ্বব্যাপী আন্তর্জাতিক নারী দিবস পালিত হয়েছে উল্লেখ করে প্রতিটি নারীর নিরাপত্তা নিশ্চিত করা হোক এ দিবসের অঙ্গীকার বলে মন্তব্য।

উপসম্পদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আমরা প্রত্যেকেই যদি পরিবেশের নিজ নিজ অংশটুকু রক্ষা করি, তাহলেই পুরো পরিবেশ রক্ষা হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **‘করোনার ছোবল বাংলাদেশেও : আমরা কতটা প্রস্তুত’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, করোনাভাইরাস সম্পর্কে যাতে সতর্ক থাকা যায় সে ব্যবস্থা সরকারকে করতে হবে।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা